যুগান্তর

তারিখ 13 MAY 2016
পৃষ্ঠা 2 কলাম 4

দশ দফা দাবি

# আইএইচটি শিক্ষার্থীদের ক্লাস-পরীক্ষা বর্জন

যুগান্তর রিপোর্ট

দশ দফা দাবিতে ক্লাস ও পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছেন ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজির (আইএইচটি) শিক্ষার্থীরা। বৃহস্পতিবার সারা দেশের সরকারি-বেসরকারি সব আইএইচটিতে বিক্ষোভ কর্মসূচি পালনকালে তারা এ ঘোষণা দেন। এ সময় দাবি আদায়ে আগামী শনিবার জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালনের ঘোষণা দেয়া হয় সংগঠনের পক্ষ থেকে।

রাজধানীর মহখালীতে কেন্দ্রীয়ভাবে বিক্ষোভ সমাবেশ কর্মসূচি পরিচালনা করেন বাংলাদেশ মেডিকেল টেকনোলজি অ্যান্ড ফার্মেসি স্টুডেন্ট অ্যাসোসিয়েশনের আহ্বায়ক মো. জসিম উদ্দিন এবং সদস্য সচিব মো. হেদায়েতুল ইসলাম। এ সময় তারা বলেন, অবিলম্বে বাংলাদেশ ডিপ্লোমা মেডিকেল এডুকেশন বোর্ড গঠন করে দশ দফা দাবি মেনে না নিলে অবস্থান ধর্মঘটসহ কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

দাবিগুলোর মধ্যে রয়েছে— ডিপ্লোমা মেডিকেল টেকনোলজিস্ট ও ফার্মাসিস্টদের বেকার সমস্যা দূরীকরণে নতুন পদ সৃষ্টি এবং স্থগিতকৃত নিয়োগ নিষ্পত্তি, সরকারি চাকরিতে ডিপ্লোমাদের ১০ম গ্রেডে উন্নীত করা, উচ্চশিক্ষা সম্প্রসারণে বিএসসি ও এমএসসি কোর্স চালু, কাজের সুবিধার্থে স্বাস্থ্য অধিদফতরের পৃথক উইং চালু, সরকারি-বেসরকারি ও স্বায়ত্তশাসিত হাসপাতালে পদ সৃষ্টি পদায়ন, ডিপ্লোমা ডেন্টাল ও ফিজিওথেরাপিস্টদের প্রাইভেট প্রাক্টিস রেজিস্ট্রেশন প্রদান, বাংলাদেশ ইউনির্ভাসিটি অব মেডিকেল সায়েন্স অ্যান্ড টেকনোলজি নামে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ইত্যাদি।